



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ফোনঃ ০২- ৫৫০১৩৭২৬-২৮; ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/-২৩৯/১২-০৮

তারিখ: ১৮ এপ্রিল ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি-

পার্বত্য চট্টগ্রাম এলাকায় হত্যা ও অপহরণের ঘটনা বেড়ে যাওয়ায় গভীর উদ্বেগ

পার্বত্য চট্টগ্রাম এলাকায় সাম্প্রতিক সময়ে হত্যা ও অপহরণের ঘটনা বেড়ে গেছে মর্মে গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। এ ধরনের ঘটনা ঘটলে পার্বত্য চট্টগ্রাম এলাকার শান্তি ও সম্প্রীতি বিনষ্ট এবং মানবাধিকার পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কা থাকে। গত ১৭ এপ্রিল ২০১৭ তারিখ খাগড়াছড়িতে সূর্য বিকাশ চাকমা নামক এক ব্যক্তিকে দুর্বৃত্তরা গুলি করে হত্যা করেছে মর্মে গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। এছাড়াও কিছুদিন আগে ইউপিডিএফ এর দুই নেত্রীকে অপহরণ করা হয়েছে।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক বলেন, “কমিশন মনে করে, পার্বত্য চট্টগ্রাম এলাকায় সাম্প্রতিক সময়ে হত্যা ও অপহরণের ঘটনা বেড়ে যাওয়ায় কমিশন উদ্বেগ প্রকাশ করছে। পার্বত্য চট্টগ্রাম এলাকার শান্তি ও সম্প্রীতি বজায় রাখার জন্য প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ আরও জোরালো করতে হবে। এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে এসব ঘটনা দ্রুত আমলে নিয়ে যথোপযুক্ত পদক্ষেপ নেওয়া আবশ্যিক। হত্যা ও অপহরণের সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করার জন্য আমি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানাচ্ছি”।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ